

💵 অতি গুরুত্বপূর্ণ কতিপয় প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্নসমূহ এবং তার উত্তর রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ,কম

দ্বাদশতম প্রশ্ন: আল্লাহর প্রতি ঈমানের বিস্তারিত বিবরণ কী?

উত্তর: আমরা অন্তরের বিশ্বাস ও মৌখিক স্বীকৃতি দ্বারা স্বীকার করি যে, আল্লাহ ওয়াজিবুল উজূদ তথা সর্বদা তাঁর অন্তিত্ব থাকা অত্যাবশ্যকীয়, তিনি এক ও অদ্বিতীয়, তিনি কারো মুখাপেক্ষী নন, সব পূর্ণ গুণাবলীতে, মর্যাদায়, বড়ত্বে, অহংকারে, শ্রেষ্ঠত্বে তিনি একক ও অদ্বিতীয়। সব গুণাবলীতে তাঁর রয়েছে পরিপূর্ণ পূর্ণতা যেখানে সৃষ্টিকুলের পক্ষে পৌঁছা অসম্ভব। তিনিই প্রথম, তাঁর আগে কিছু নেই, তিনিই শেষ, তাঁর পরে আর কিছু থাকবে না, তিনিই যাহির তথা সদাভাস্বর, দৃশ্যমান, তাঁর চেয়ে কোনো কিছুই স্পষ্ট নেই, তিনিই বাতিন তথা সবচেয়ে নিগৃঢ় সত্তা, তাঁর চেয়ে কোনো কিছুই নিগৃঢ় নেই।

তিনি সর্বোচ্চ, সুউচ্চ, উচ্চ সত্তা, উচ্চ ক্ষমতাসম্পন্ন, উচ্চ পরাক্রমশালী, তিনি সব কিছু সম্পর্কে মহাজ্ঞানী, সব কিছু জানেন, সব কিছুর উপরে ক্ষমতাবান, সর্বশক্তিমান, সর্বশ্রোতা, ভাষার ভিন্নতা ও প্রয়োজনের নানা ধরণ সত্বেও সব কিছুর আওয়াজ শুনতে পান, তিনি সর্বদ্রষ্ঠা, সব কিছু দেখতে পান, তিনি মহাপ্রজ্ঞাবান, সৃষ্টি ও আইন প্রদানে মহাবিজ্ঞ, তিনি গুণে ও কর্মে সর্বপ্রশংসিত, তিনি মহিমায় ও বড়ত্বে মহাগৌরাবিত, তিনি দয়াবান, দয়ালু, তাঁর রহমত সব কিছুর উপর বিস্তৃত ও সকলেই তাঁর অনুগ্রহ ও দানপ্রাপ্ত, তিনি রাজাধিরাজ, সব রাজা ও রাজ্যের মালিক, তাঁর রয়েছে একচ্ছত্র মালিকানা, উর্ধেজগত ও নিম্নজগত সব কিছুই তার মালিকানাধীন ও তাঁর গোলাম, তাঁর রয়েছে একচ্ছত্র কর্তৃত্ব ও হস্তক্ষেপ, তিনি চিরঞ্জীব, তাঁর রয়েছে সব যাতী গুণাবলী সম্পন্ন পরিপূর্ণ জীবন, তিনি স্বয়ংস্থিতিশীল ও অবিনশ্বর, তিনি নিজে নিজেই প্রতিষ্ঠিত এবং অন্যকেও প্রতিষ্ঠা করেন, তিনি সব ধরণের কর্ম সম্পাদনকারী, তিনি যা ইচ্ছা তাই সম্পন্ন করেন, তিনি যা চান তা-ই সংঘটিত হয়, আর তিনি যা চান না তা সম্পন্ন হয় না, আমরা সাক্ষ্য দেই যে, তিনি আমাদের রব, সৃষ্টিকারী, উন্মেষকারী, রূপ দানকারী, যিনি সমস্ত সৃষ্টি সৃজন করেছেন, সৃষ্টিতে তিনি সুচারুতা ও দক্ষতা দেখিয়েছেন এবং উত্তমরূপে সৃষ্টি করেছেন।

তিনি এমন আল্লাহ যিনি ছাড়া কোনো ইলাহ নেই, তিনি একমাত্র উপাস্য, তিনি ব্যতীত কেউ ইবাদাত পাওয়ার যোগ্য নয়। অতএব, তিনি ব্যতীত কারো সম্মুখে শির নত করি না, একমাত্র মহাশক্তিশালী, মহাপরাক্রান্ত, মহাক্ষমাশীল আল্লাহ ব্যতীত কারো কাছে মাথা অবনত করি না, কিছু প্রার্থনা করি না, আমরা একমাত্র তাঁরই ইবাদাত করি এবং তাঁরই কাছে সাহায্য চাই, তাঁর কাছে প্রত্যাশা করি, তাঁকেই ভয় করি, তাঁর রহমত আশা করি, তাঁর আযাবকে ভয় করি, তিনি ব্যতীত আমাদের কোনো রব নেই। অতএব, তাঁরই কাছে আমাদের প্রার্থনা এবং তাঁকেই আমরা ডাকি। তিনি ব্যতীত আমাদের এমন কোনো ইলাহ নেই যার কাছে আমরা আশা করতে পারি। আমাদের দুনিয়া ও আখিরাতের কল্যাণ ও সংশোধনে তিনিই আমাদের একমাত্র অভিভাবক। তিনি উত্তম সাহায্যকারী এবং সমস্ত বিপদাপদ ও অকল্যাণ থেকে তিনিই একমাত্র প্রতিরোধকারী ও রক্ষাকারী।



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন